গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

কারা অধিদপ্তর

৩০/৩ উমেশ দত্ত রোড, বকশি বাজার, ঢাকা-১২১১।

www.prison.gov.bd

পত্র নং-৫৮.০৪.০০০০.০২৪.২২.০০১.২০২৫-২৬৮

তারিখঃ ৩১ বৈশাখ, ১৪৩২। / ১৪ মে, ২০২৫।

বিষয় ঃ **মহিলা কারারক্ষীদের পোশাক ও দায়িত্বপালনের সময় সম্পর্কিত নীতিমালা**

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য "বাংলাদেশ জেল পোশাক নীতিমালা-২০১৬ সংশোধিত মহিলা কারারক্ষীদের পোশাক ও দায়িত্বপালনের সময় সম্পর্কিত নীতিমালা, ২০২৪ (আংশিক)"এতৎসঙ্গে প্রেরণ করা হলো। মহিলা কারারক্ষীদেরকেউক্ত নীতিমালা অনুসরণ/প্রতিপালনের নির্দেশ দিতে অনুরোধ করা হলো।

সংযুক্তি ঃ ০৪ (চার) পাতা।

মোহাম্মদ মোস্তফা কামাল
কর্নেল
অতিরিক্ত কারা মহাপরিদর্শক
পক্ষে-কারা মহাপরিদর্শক
ফোনঃ ০২-৫৭৩০০২২২(দপ্তর)।
addl.ig@prison.gov.bd

১। কারা উপ-মহাপরিদর্শক, সকল বিভাগ, সকল সদর দপ্তর।
২। কমান্ড্যান্ট, কারা প্রশিক্ষণ কেন্দ্র, রাজশাহী।
৩। সিনিয়র জেল সুপার/জেল সুপার, সকল কেন্দ্রীয়/জেলা কারাগার।

<u>অনুলিপি কার্যার্থে/জ্ঞাতার্থে প্রেরণ</u> ঃ

১। সহকারী কারা মহাপরিদর্শক (সকল), কারা অধিদপ্তর, ঢাকা।
২। ভারপ্রাপ্ত কর্মকর্তা, প্রিজন্স ইন্টেলিজেন্স ইউনিট, কারা অধিদপ্তর, ঢাকা।
৩। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারা অধিদপ্তর, ঢাকা।
৪। শাখা প্রধান, সকল শাখা, কারা অধিদপ্তর, ঢাকা।
৫। কারা মহাপরিদর্শক/অতিরিক্ত কারা মহাপরিদর্শক/কারা উপ-মহাপরিদর্শক এর ব্যক্তিগত সহকারী। মহোদয়গণের সদয় অবগতির জন্য।
৬। অফিস কপি।

F/shamim/চিঠি-২০২৫/ ড্রেস রুলস

# মহিলা কারারক্ষীদের পোশাক ও দায়িত্বপালনের সময় সম্পর্কিত নীতিমালা ঃ

শিরোনাম ঃ এই নীতিমালা 'বাংলাদেশ জেল পোশাক নীতিমালা-২০১৬ সংশোধিত মহিলা কারারক্ষীদের পোশাক ও দায়িত্বপালনের সময় সম্পর্কিত নীতিমালা, ২০২৪ (আংশিক)' নামে অভিহিত হবে।

১। ওয়ার্কিং ইউনিফর্ম ঃ শার্ট-প্যান্ট

| পোশাকের ধরণ | বিবরণ |
|---|---|
| পোশাক (শার্ট-প্যান্ট) | 'বাংলাদেশ জেল পোশাক নীতিমালা-২০১৬ সংশোধিত মহিলা কারারক্ষী পোশাক নীতিমালা-২০২৪ (আংশিক) অনুযায়ী ইউনিফর্ম শার্ট-প্যান্ট সকল মহিলা কারারক্ষীদের জন্য প্রযোজ্য হবে। এ ক্ষেত্রে নিম্নোক্ত নিয়মাবলী সংযোজিত হবে।<br>(ক) গ্রীষ্মকালে পরিধানযোগ্য হাফ শ্লিভ শার্ট ও শীতকালে পরিধানযোগ্য ফুল শ্লিভ শার্ট টিসি কাপড় দ্বারা তৈরী হবে। শার্টটি চার পকেট বিশিষ্ট হবে। বাটনের নিচে চেইন, শার্টের বাটনের বাম পাশে বোতাম থাকবে।<br>(খ) শার্ট এর দৈর্ঘ্য হিপ (Hip) পর্যন্ত লম্বা হবে।<br>(গ) আট-সাঁট/টাইট ফিটিং/অতিরিক্ত ঢিলেঢালা পোশাক বর্জনীয়।<br>(ঘ) ডিএমএস বুট পরিধান করতে হবে।<br>(ঙ) শার্টের উপর শুধুমাত্র প্যারেড, অস্ত্রসহ ডিউটি বা ফায়ারিং চলাকালীন সময়ে বেল্ট পরিধান করতে হবে<br>(চ) শার্টের উপরে কোটি পরিধান করতে পারবে। |

২। ওয়ার্কিং ইউনিফর্ম ঃ শাড়ী

| পোশাকের ধরণ | বিবরণ |
|---|---|
| পোশাক (শাড়ী) | 'বাংলাদেশ জেল পোশাক নীতিমালা-২০১৬ সংশোধিত মহিলা কারারক্ষী পোশাক নীতিমালা-২০২৪ (আংশিক) অনুযায়ী ইউনিফর্ম **চাকরি** ২০ বছর বা **বয়স** ৪০ বছর যেটি আগে পূর্ণ হবে সে সকল মহিলা কারারক্ষী ইচ্ছা করলে শাড়ী পরিধান করতে পারবে। এ ক্ষেত্রে নিম্নোক্ত নিয়মাবলী প্রযোজ্য হবে।<br>(ক) শাড়ী শুধুমাত্র দাপ্তরিক কাজের জন্য প্রযোজ্য হবে। কারাভ্যন্তরে বা অন্যান্য দায়িত্ব পালনের ক্ষেত্রে প্রযোজ্য নয়।<br>(খ) ব্লাউজ এর দৈর্ঘ্য কোমর পর্যন্ত লম্বা হবে।<br>(গ) ব্লাউজের ক্ষেত্রে টিসি ফেব্রিকস ডিপ গ্রীন (Deep Green) রং ব্লাউজ পরিধান করতে হবে।<br>(ঘ) কালো রঙ্গের লেডিস-সু পরিধান করতে হবে। |

৩। ওয়ার্কিং ইউনিফর্ম ঃ শার্ট-প্যান্ট/শাড়ী এর সাথে হিজাব ঃ

| পোশাকের ধরণ | বিবরণ |
|---|---|

<table>
<tr><th>পোশাকের ধরণ</th><th>বিবরণ</th></tr>
<tr><td>পোশাক (শার্ট-প্যান্ট) এর সাথে হিজাব</td><td>'বাংলাদেশ জেল পোশাক নীতিমালা-২০১৬ সংশোধিত মহিলা কারারক্ষী পোশাক নীতিমালা-২০২৪ (আংশিক) অনুযায়ী যে সকল মহিলা কারারক্ষীগণ হিজাব পরতে ইচ্ছুক তাদের ক্ষেত্রে প্রযোজ্য হবে<br>(ক) হিজাব পরতে ইচ্ছুক মহিলা কারারক্ষীগণ ডিপগ্রীন (Deep Green) রং এর নির্ধারিত ডিজাইন ও নির্ধারিত স্টাইলের হিজাব পরিধান করবে।<br>(খ) হিজাব পরিধান করলে তা শার্টের কলারের বাহিরে আসবে না এবং দ্বিতীয় বোতামের বাহিরে বের হবে না।<br>(গ) হিজাবের সাথে যথা নিয়মে ক্যাপ পরিধান করতে হবে।<br>(ঘ) নির্ধারিত হিজাব কারা অধিদপ্তর কর্তৃক সরবরাহ করা হবে। ব্যক্তিগতভাবে সংগৃহীত বা ডিজাইন করা হিজাব পরিধান করা যাবে না।<br><u>নমুনা ছবি</u><br></td></tr>
<tr><td>পোশাক (শাড়ী) এর সাথে হিজাব</td><td>'বাংলাদেশ জেল পোশাক নীতিমালা-২০১৬ সংশোধিত মহিলা কারারক্ষী পোশাক নীতিমালা-২০২৪ (আংশিক) অনুযায়ী যে সকল মহিলা কারারক্ষীগণ হিজাব পরতে ইচ্ছুক তাদের ক্ষেত্রে প্রযোজ্য হবে<br>(ক) হিজাব পরতে ইচ্ছুক মহিলা কারারক্ষীগণ ডিপ গ্রীন (Deep Green) রং এর নির্ধারিত ডিজাইন ও নির্ধারিত স্টাইলের হিজাব পরিধান করবে।<br>(খ) হিজাব পরিধান করলে তা ব্লাউজের কলারের বাহিরে আসবে না এবং দ্বিতীয় বোতামের বাহিরে বের হবে না।<br>(গ) হিজাবের সাথে যথা নিয়মে ক্যাপ পরিধান করতে হবে।<br>(ঘ) নির্ধারিত হিজাব কারা অধিদপ্তর কর্তৃক সরবরাহ করা হবে। ব্যক্তিগতভাবে সংগৃহীত বা ডিজাইন করা হিজাব পরিধান করা যাবে না।<br><u>নমুনা ছবি</u><br></td></tr>
</table>

৪। পোশাকের সাথে হেয়ার স্টাইল ঃ

| ধরণ | বিবরণ |
|---|---|
| হেয়ার স্টাইল | (ক) পোশাক পরিহিত অবস্থায় মহিলা কারারক্ষীদের যথাযথভাবে চুল বেঁধে রাখতে হবে যেন কপালের সামনে কোন চুল না থাকে।<br>(খ) বয় কাট ব্যতীত ঘাড় পর্যন্ত লম্বা চুলের ক্ষেত্রে পনিটেল (ঝুঁটি) করে চুল বাঁধতে হবে।<br>(গ) পিঠ পর্যন্ত লম্বা চুল থাকলে অবশ্যই খোঁপা বেঁধে রাখতে হবে।<br>(ঘ) মহিলা কারারক্ষীদের চুল বাঁধার ক্ষেত্রে শুধুমাত্র কালো রং এর ক্লিপ, রিবন ব্যান্ড এবং খোঁপার নেট ব্যবহার করতে হবে। কোন ধরণের রঙ্গিন ক্লিপ, ব্যান্ড এবং চুলের অলংকারাদি ব্যবহার করা যাবে না।<br>(ঙ) চুলের কাট এবং স্টাইল মার্জিত হতে হবে। কোন অবস্থায় চুল খোলা রাখা যাবে না। |

৫। পোশাকের সাথে প্রসাধনী এবং মেকআপ ঃ

| ধরণ | বিবরণ |
|---|---|
| প্রসাধনী এবং মেকআপ | (ক) ত্বকের জন্য অত্যাবশ্যকীয় প্রসাধনী যেমন-সানস্ক্রীন ক্রীম, সানব্লক, কাজল (কালো), চিকিৎসক এর ব্যবস্থাপত্র অনুসারে যেকোন ধরণের ক্রীম/ঔষধ ব্যতীত অতিরিক্ত সকল ধরণের প্রসাধনীর ব্যবহার বর্জনীয়।<br>(খ) পোশাক পরিহিত অবস্থায় লিপস্টিকসহ কোন মেকআপ ব্যবহার করা যাবে না।<br>(গ) কোন প্রকার ট্যাটু আঁকা যাবে না।<br>(ঘ) আঙ্গুলের নখ অবশ্যই ছোট করে কেটে রাখতে হবে।<br>(ঙ) নখে নেইল পলিশ ব্যবহার করা যাবে না। |

৬। পোশাকের সাথে গহনা/অলংকার ঃ

| ধরণ | বিবরণ |
|---|---|
| গহনা/অলংকার | (ক) পোশাক পরিহিত অবস্থায় কোন ধরণের গহনা পরিধান করা যাবে না। যেমন-কানের টপ/দুল/চুড়ি/বালা/ব্রেসলেট/গলার চেইন ইত্যাদি। এছাড়া পায়ে কোন ধরণের নুপুর পরিধান করা যাবে না।<br>(খ) প্রশিক্ষণকাল ব্যতীত অন্য সময়ে শুধুমাত্র হালকা ডিজাইনের একটি আংটি (ওয়েডিং রিং) ব্যবহার করা যাবে।<br>(গ) সর্বনিম্ন ব্যাসের নাকফুল পরিধান করা যাবে।<br>(ঘ) হিন্দু ধর্মালম্বী বিবাহিত মহিলা কারারক্ষীগণ ইউনিফরম পরিহিতি অবস্থায় শুধুমাত্র শাঁখা ও সহনীয় মাত্রায় সিঁদুর ব্যবহার করতে পারবে। |

৭। পিটি, স্পোর্টস এবং রোলকলের পোশাক ঃ

| ধরণ | বিবরণ |
|---|---|
| পোশাক পিটি/স্পোর্টস | (ক) পিটি অনুশীলনে কারা অধিদপ্তর কর্তৃক সরবরাহকৃত নির্ধারিত একই রকম টি-শার্ট, ট্র্যাক স্যুট ও কেডস্ পরিধান করতে হবে। |
| পোশাক রোলকলের | (ক) নির্ধারিত টি-শার্টের সাথে সামার কিংবা উইন্টার ট্র্যাক স্যুট এবং কেডস্ পরিধান করতে হবে। সামার কিংবা উইন্টার ট্র্যাক স্যুট এবং কেডস্ কারা অধিদপ্তর হতে সরবরাহ করতে হবে। |

৮। পোশাক গর্ভকালীন/অসুস্থতা কালীন ঃ

| ধরণ | বিবরণ |
|---|---|
| পোশাক গর্ভকালীন/ অসুস্থ্যতা কালীন | (ক) অফিস প্রধানের অনুমতি সাপেক্ষে গর্ভকালীন/অসুস্থ্য কালীন শাড়ী পরিধান করতে হবে। এক্ষেত্রে ক্রমিক-২ এর নিয়মাবলী অনুসরণ করতে হবে। |

৯। পোশাক শীতকালীন ঃ

| ধরণ | বিবরণ |
|---|---|
| পোশাক শীতকালীন | (ক) মহিলা কারারক্ষীদের জন্য পৃথক সাইজের উইন্টার জ্যাকেট, উলেন কার্ডিগ্যান, কাপড়ের ডিএমএস বুট, কোটি পরিধান করতে হবে। |

১০। **দায়িত্বপালনের সময়কাল:**

মহিলা কারারক্ষীরা একটানা ০৮(আট) ঘন্টা দায়িত্ব পালন করবেন। দায়িত্বপালনকালীন সময়সূচী নিম্নরূপ:

সকাল ৬টা থেকে দুপুর ২ টা, দুপুর ২ টা থেকে রাত ১০ টা, রাত ১০ টা থেকে সকাল ৬টা পর্যন্ত।


সৈয়দ মোঃ মোতাহের হোসেন
ব্রিগেডিয়ার জেনারেল
কারা মহাপরিদর্শক
ফোনঃ ৫৭৩০০৪৪৪ (দপ্তর)।
ig@prison.gov.bd